

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৭.১৬/ ৫৫২

তারিখঃ ২১/০৯/২০১৬ইং

প্রতি : জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা  
ফরিদপুর।

বিষয় : পারিবারিক অবসরভাতা মঞ্জুরী প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে উপরোক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, ফরিদপুর এর প্রাক্তন প্রধান সহকারী জনাব কে.এম সিরাজুল ইসলাম চাকুরীরত অবস্থায় বিগত ১৫/০৪/২০০০ইং মৃতুবরণ করায় তার বিধবা স্ত্রী শিরীনা পারভীন এর নামে পারিবারিক পেনশন মঞ্জুর করা হয়। পরবর্তীতে মৃত কর্মচারীর স্ত্রী শিরীনা পারভীন গত ২৯/১০/২০০৪ইং তারিখ মৃতুবরণ করায় অত্র অধিদপ্তরের স্মারক নং- সংস্থাপন (৩)/৮৫/১১১/(পার্ট-২)/২৯৮/১(৩), তারিখ ১০/০৫/২০০৫ইং মোতাবেক তাদের বৈধ উত্তরাধিকারী ০৩ (তিন) ছেলের নামে মুসলিম রেওয়াজ অনুযায়ী মাতার ভোগকৃত পারিবারিক অবসরভাতা মঞ্জুর করা হয়। তন্মধ্যে ০২ (দুই) পুত্রের পেনশনের মেয়াদ ইতোমধ্যে শেষ হওয়ায় বর্তমানে শারিরিক প্রতিবন্ধি (তীব্র) ছেলে কাজী মুহাঃ তৈয়্যাবুর রহমান এর নামে বিধি মোতাবেক অপর দুই ভাইয়ের পেনশনসহ আজীবন পূর্ণহারে পারিবারিক পেনশন মঞ্জুরীর জন্য অধ্যক্ষের সুপারিশ সহকারে আবেদন করেছেন।

এতদপ্রেক্ষিতে মরহুমের শারিরিক প্রতিবন্ধি (তীব্র) ছেলে কাজী মুহাঃ তৈয়্যাবুর রহমান এর নামে বিধি মোতাবেক পারিবারিক অবসরভাতা পরিশোধ আদেশ জারীর নিমিত্ত নিম্নবর্ণিত কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংযুক্ত করে প্রেরণ করা হল।

ক)	পারিবারিক পেনশন ফরম- ২.২	১ কপি
খ)	ছবি (সত্যায়িত)	৩ কপি
গ)	বাবার মৃত্যুর সনদপত্র	১ কপি
ঘ)	মাতার মৃত্যুর সনদপত্র	১ কপি
ঙ)	অবসরভাতা উত্তোলন করার ক্ষমতা অর্পন ও অভিভাবক মনোনয়ন	১ কপি
চ)	উত্তরাধিকারী সনদপত্র	১ কপি
ছ)	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	১ কপি
জ)	মুসলিম রেওয়াজ অনুযায়ী পারিবারিক অবসরভাতা মঞ্জুরীর আদেশ	১ কপি
ঝ)	প্রতিবন্ধি নিবন্ধন পরিচয়পত্র	১ কপি
ঞ)	জাতীয়তা সনদপত্র	১ কপি
ট)	পুরাতন পেনশন বহি (মূলকপি)	১ কপি

২। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)  
সহকারী পরিচালক  
ফোন-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৭.১৬/ ৫৫২ (৪)

তারিখঃ ২১/০৯/২০১৬ইং

অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-

- ১। অধ্যক্ষ, ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, ফরিদপুর। এ তাঁর ০২/০৮/২০১৬ইং তারিখের ৭৭০ নং স্মারকের বরাতে করা হল।
- ২। আই.সি. টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
- ৩। কাজী মুহাঃ তৈয়্যাবুর রহমান, শারিরিক প্রতিবন্ধি (তীব্র), পিতামৃত-কে.এম সিরাজুল ইসলাম, প্রাক্তন প্রধান সহকারী, ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট। বর্তমানে-গ্রাম : বিলমামুদপুর, পোঃ বায়তুল আমান, থানা : ফরিদপুর সদর, জেলা : ফরিদপুর।
- ৪। সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)  
সহকারী পরিচালক  
ফোন-৮১৮১২২৫